

এইচএসসি খারাপ ফল

শুধু ঢাকা বোর্ডেই ১ লাখ ৩৬ হাজার খাতা চ্যালেঞ্জ



ফাইল ছবি

সমকাল প্রতিবেদক

প্রকাশ: ২৫ অক্টোবর ২০২৫ | ২২:২০

(-) (অ) (+)

এইচএসসি পরীক্ষায় এবার বিগত ২০ বছরের ইতিহাসে সবচেয়ে খারাপ ফল হয়েছে। এতে পুনর্নিরীক্ষণের আবেদনও বেড়েছে। শুধু ঢাকা মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ডে এক লাখ ৩৬ হাজার ৫০৬টি খাতা চ্যালেঞ্জ বা ফলাফল পুনর্নিরীক্ষণের আবেদন জমা পড়েছে।

শনিবার বিকেলে সমকালকে এ তথ্য জানিয়েছেন বোর্ডের পরীক্ষা নিয়ন্ত্রক অধ্যাপক এস এম কামাল উদ্দিন হায়দার।

তিনি জানান, এ বছর ঢাকা বোর্ডে খাতা চ্যালেঞ্জের আবেদন করেছেন ৬৬ হাজার ১৫০ জন পরীক্ষার্থী। তাদের অনেকে একাধিক খাতা চ্যালেঞ্জ করেছেন। সব মিলিয়ে ওই সংখ্যক খাতা চ্যালেঞ্জের আবেদন পড়েছে। এক মাসের মধ্যে ফল পুনর্নিরীক্ষণের ফলাফল প্রকাশ করা হবে বলেও তিনি জানান।